



ISO 9001:2015 Certified

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।

নম্বর: ২৭.১২.৮৮৯৪.০০০.৫০৯.০২.০০০৮.২৩.৫৫৯

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

“আন্তঃ পরিস নিয়োগ বিজ্ঞপ্তি”

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে জনবল নিয়োগ/প্যানেল তৈরীর লক্ষ্যে শুধুমাত্র পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণের নিকট হতে নিয়ন্ত্রিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | বেতন ও ভাতাদি | প্রার্থীর যোগ্যতা |
|--------|---|--|--|
| ০১ | মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | প্রার্থিক মাসিক মূল বেতন ক্ষেত্রে ১৪,৭০০/- টাকা হতে ২৬,৪৮০/- টাকাসহ পরিস নিদেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি অথবা প্রার্থীদের সর্বশেষ অভিজ্ঞতা সনদ এবং শেষ বেতনের প্রত্যয়নপত্র অনুযায়ী বেতন ভাতাদি নির্ধারণ করা হবে। | <p>০১। অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কমপক্ষে ০৩ (তিনি) বছর/০৬ (হয়) বছর/০৯ (নয়) বছর/ ১২ (বারো) বছর ধারাবাহিক সত্ত্বোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।</p> <p>০২। বয়স সীমাঃ দরখাস্ত গ্রহণের সর্বশেষ সময় অর্থাৎ ২৮/০৮/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর সর্বোচ্চ ৫২ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন এবং প্রার্থী সর্বোচ্চ ১২ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।</p> <p>০৩। অন্যান্য যোগ্যতাঃ</p> <p>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুস্থাম দেহ ও সুস্থান্ত্রের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ক্রটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।</p> <p>(খ) প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।</p> <p>(গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় যেমন-যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।</p> |

শর্তাবলীঃ-

০১। **আবেদন ফর্ম পূরণ ও জমাদানঃ** আগ্রহী প্রার্থীগণ সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট <https://pbs1.sirajganj.gov.bd> হতে আবেদন ফর্ম (ফর্ম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-১) A4 কাগজে ডাউনলোড পূর্বক স্ব-হস্তে পূরণ করে আগামী ২৮/০৮/২০২৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পোছাতে হবে। অসম্পূর্ণ, ভুল, নির্ধারিত ফর্ম ব্যতীত সাদা কাগজে ও টাইপকৃত কোন আবেদন এবং উল্লেখিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

- ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিনি) কপি সত্যায়িত রঙজিন ছবি।
- খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- গ) জাতীয় পরিচয়/জন্ম সনদ পত্র এর সত্যায়িত ফটোকপি।
- ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়ার/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত সনদপত্র।
- ঙ) ইতঃপূর্বে কর্মরত পরিস এর সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ পত্র ও সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র” যা এভিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সাম্প্রতিক সময়ে সত্যায়িত হতে হবে।

০৩। চুক্তির মেয়াদকালঃ

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিনি) বছর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন প্রতি বছর ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সত্ত্বোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ শেষে ১ম পক্ষের সম্মতিক্রমে নূন্যতম এক/দুই টি কর্মদিবসের ব্যবধানে একই পরিস এ প্রার্থীকে প্রার্থীক পরিসের কর্মমূল্যায়ন সাপেক্ষে ওয়াচ চুক্তি সম্পাদিত হবে। তবে প্রার্থী সর্বোচ্চ ১২ (বারো) বছর (৩+৩+৩+৩) বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

০৪। অন্যান্য শর্তাবলীঃ

- (ক) প্রাপ্ত আবেদনসমূহ নিয়োগ কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক জ্যোষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ-১২/১১/২০১৮ খ্রি: এর নির্দেশনা অনুসরণ করা হবে।
- (খ) নিয়োগ প্রাপ্তি প্রার্থীকে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত জমা দিতে হবে, যা সন্তোষজনক চুক্তির মেয়াদ শেষে নির্ধারিত হারে সুদসহ ফেরৎ দেওয়া হবে।
- (গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পরিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ থাকতে হবে।
- (ঘ) সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা এবং যারা ইতঃপূর্বে সিরাজগঞ্জ পরিস (অবিভক্ত) এবং সিরাজগঞ্জ পরিস-১ এ মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তারা উক্ত পদে কর্মরত আবেদন করতে পারবেন না।
- (ঙ) সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং এই পরিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- (চ) কোন পরিস হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে শুঙ্খলা ভঙ্গনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতপ্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দস্তপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- (ছ) দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগপ্রাপ্ত হবেন না। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে উভয়ের চুক্তি বাতিল করা হবে।
- (জ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদেই বলবৎ থাকবে যা কোনক্রমেই নিয়মিত হবে না।
- (ঝ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষণিক বা খন্দকালিন নিয়োজিত হতে/থাকতে পারবেন না।
- (ঞ) স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য পোগন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারণ দর্শানো ব্যক্তিরেকে তাংক্ষণিকভাবে চুক্তি বাতিলসহ চাকুরী থেকে বরখাস্ত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা প্রয়োজন করা হবে।
- (ট) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ আবেদন করতে পারবেন না।
- (ঠ) ইতঃপূর্বে কর্মরত পরিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের প্রাক পরিচয় ও অন্যান্য তথ্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যাতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক চাকুরীর অবসান ঘটানো হবে।
- (ড) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



০৭-০৮-২০২৫
আবু আশরাফ মোঃ ছালেহ
সিনিয়র জেনারেল ম্যানেজার
০১৭৬৯৮০০০৭৪ (ফোন)
০৭৫২৯-৫৬১৭২ (ফ্যাক্স)
sirajpbs@yahoo.com

নম্বর: ২৭.১২.৮৮৯৮.০০০.৫০৯.০২.০০০৮.২৩.৫৫৯/১ (১২)

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন), পরিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।
- ২। পরিচালক, পরিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।
- ৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ৪। পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

- ৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, (সকল পরিস)।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার,সিরাজগঞ্জ।
- ৮। সিরাজগঞ্জ পরিস-১ এর, সকল অফিসার।
- ৯। এজিএম (আইটি), আইটি বিভাগ, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১।
- ১০। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পরিস-১।
- ১১। ওয়েবসাইট, সিরাজগঞ্জ পরিস-১ এবং।
- ১২। অফিস কপি, মাস্টার কপি।



০৭-০৮-২০২৫
আরু আশরাফ মোঃ ছালেহ
সিনিয়র জেনারেল ম্যানেজার